দৈনিক খবর

তারিখ ৩0 MAY 1992
পৃষ্ঠা ৮ কলাম

### ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৩টি হলে অভিযান

# তল্লাশীতে পুলিশ অস্ত্র পায়নি কিন্তু পরমুহূর্তেই গোলাগুলী

।। স্টাফ রিপোর্টার ।।

পুলিশী তল্লাশীর পর মুহূর্তেই গতকাল শুক্রবার ভোরে ঢাকা বিশ্ববিদ্যালয়ের জহুরুল হক হলে কয়েক দফা গুলীবর্ষণের' ঘটনা ঘটেছে। তবে গোলাগুলীতে কেউ হতাহত হয়নি। পুলিশ বিশ্ববিদ্যালয়ের জহুরুল হক হল, এস এম হল ও জগন্নাথ হল তল্লাশী করেছে। তল্লাশী অভিযানে পুলিশ কোন অস্ত্র উদ্ধার এবং কাউকে গ্রেফতার করতে সক্ষম হয়নি। গত বৃহস্পতিবার রাতেও বিশ্ববিদ্যালয়ে বিবদমান দু'টি গ্রুপের মধ্যে গুলী বিনিময় হয়েছে। নগর গোয়েন্দা পুলিশের কয়েকটি বিশেষ দলের নেতৃত্বে কমপক্ষে ২০ প্লাটুন পুলিশ তিনটি আবাসিক হলে তল্লাশী চালায়। এক ঘন্টাব্যাপী তল্লাশী অভিযান শেষে পুলিশের জহুরুল হক হলের দলটি বের হয়ে যাবার সময় এস এম হলের দিক থেকে ৩/৪ রাউন্ড গুলীবর্ষণের শব্দ শোনা যায়। এর পরই জহুরুল হক হল এলাকা থেকে পর পর কমপক্ষে ২৫ রাউন্ড গুলী বর্ষিত হয়েছে।

প্রত্যক্ষদর্শীরা জানিয়েছে, জহুরুল হক হলের অস্ত্রধারীরা পুলিশের উপস্থিতি টের পেয়ে সব অস্ত্রশস্ত্র পলিথিন ব্যাগে ভর্তি করে হলের পুকুরে নিক্ষেপ করে। পুলিশ চলে যাবার সাথে সাথে পুনরায় অস্ত্র তুলে তারা গোলাগুলী শুরু করে। সকাল সাড়ে সাতটার দিকে পুলিশ পুনরায় জহুরুল হক হল তল্লাশী করে। তবে তল্লাশী অভিযানের দ্বিতীয় পর্যায়েও তারা কাউকে গ্রেফতার করতে সক্ষম হয়নি।

এর আগে রাত সোয়া দু'টার দিকে একটি বৈদ্যুতিক ট্রান্সফর্মার বিস্ফোরিত হবার শব্দ শুনে জহুরুল হক হল থেকে অস্ত্রধারীরা ১০/১২ রাউন্ড ফাঁকা গুলীবর্ষণকরে।

ক্যাম্পাসে গতকালও অতিরিক্ত পুলিশ

শেষ পৃষ্ঠায় ৪র্থ কলামে

## তল্লাশীতে পুলিশ

প্রথম পৃষ্ঠার পর

মোতায়েন ছিল। বিকেলে পাঁচ ছয়টি মোটর সাইকেলযোগে একদল তরুণকে বিশ্ববিদ্যালয় এলাকায় মহড়া দিতে দেখা গেছে। তবে বিকেলের দিকে গোলাগুলী বা কোন রকম অপ্রীতিকর ঘটনার খবর পাওয়াযায়নি।

বৃহস্পতিবার দিবাগত রাত পৌনে দু'টার দিকে একদল সশস্ত্র যুবক এ এফ রহমান হলে প্রবেশ করেছিল। পুলিশ জানিয়েছে, এ খবর পেয়ে হল গেটে পুলিশ গেলে তারা ওয়াল টপকে পালিয়ে যায়।

পুলিশ তল্লাশী অভিযান চালিয়ে এস এম হল ও জগন্নাথ হল থেকেও কোন অস্ত্রশস্ত্র উদ্ধার করতে পারেনি।

### পুলিশী তল্লাশীর নিন্দা

জগন্নাথ হল ছাত্র সংসদের ভিপি সুভাষ সিংহ রায় ও ভারপ্রাপ্ত জিএস সুজিত কুমার রায় নন্দী গতকাল এক বিবৃতিতে জগন্নাথ হলে পুলিশী তল্লাশীর তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন। বিবৃতিতে তারা বলেন, বাদল চুন্নু ও মিজানের খুনীরা পুলিশের নাকের ডগায় ঘুরে বেড়ালেও তারা তাদের গ্রেফতার করছে না। অথচ জগন্নাথ হলে তল্লাশী চালিয়ে নিরীহ ছাত্রদের বার বার হয়রানি করা হচ্ছে। এতে হলের শিক্ষার সুষ্ঠু পরিবেশ বিঘ্নিত হচ্ছে। জগন্নাথ হলের ছাত্ররা বার বার পুলিশি হয়রানির মুখোমুখি হওয়ায় তারা ধৈর্যের শেষ সীমায় এসে দাঁড়িয়েছে। আগামীতে ছাত্ররা এ ধরনের তল্লাশীর দাঁত ভাঙ্গা জবাব দেবে।